



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং- ঢাশিবি/বি/৭৭৯/ইংলিশ/৬০৪

তারিখ: ০৯/০৯/২০২৬ খ্রি.

বিষয়: বিদেশি কারিকুলাম-এ পরিচালিত 'Scholars International Tahfiz Academy'-এর সাময়িক নিবন্ধন প্রদান প্রসঙ্গে।

সূত্র: পরিদর্শনকারী কর্মকর্তার ০৬/০৯/২০২৬ তারিখে দাখিলকৃত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, ঢাকা মহানগরীর উত্তরা এলাকায় অবস্থিত স্কলার্স ইন্টারন্যাশনাল তাহফিজ অ্যাকাডেমি-কে "রেজিস্ট্রেশন অব প্রাইভেট স্কুলস অর্ডিন্যান্স, ১৯৬২ (Ordinance No. XX of 1962)" এ প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত "বিদেশি কারিকুলাম-এ পরিচালিত বেসরকারি বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০১৭ (এস.আর.ও নং- ১৭৩-আইন/২০১৭)" এর ধারা ৩ এর উপ-ধারা ৩ এর বিধান মোতাবেক পত্র ইস্যুর তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য O-Level এবং A-Level পর্যায়ে সাময়িক নিবন্ধন প্রদান করা হলো।

বিধিমালায় বর্ণিত শর্তসমূহ ছাড়াও উক্ত প্রতিষ্ঠানকে নিম্নোক্ত শর্তসমূহ পালন করতে হবে:

- ১। শিক্ষা বোর্ড বা মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিত কোন ব্রাঞ্চ বা শাখা খোলা যাবে না;
- ২। এ পত্র ইস্যুর ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নির্ধারিত ফি জমা পূর্বক EIIN এবং Password গ্রহণ করতে হবে;
- ৩। বিধিমালার ৬(৪) ধারা মোতাবেক বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল করতে হবে;
- ৪। প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশসহ বিধিমালার ১২ ধারা যথাযথ অনুসরণ করতে হবে।
- ৫। উক্ত বিধিমালার ১৪ ধারা মোতাবেক প্রতিষ্ঠানের জন্য কাম্য পরিমাণ ভূমি ও নির্ধারিত ভবন থাকতে হবে এবং উপ-ধারা ৪ মোতাবেক ৫ (পাঁচ) বছরের মধ্যে প্রতিষ্ঠানের নামে নিজস্ব মালিকানাধীন ভূমি ও ভবনে প্রতিষ্ঠান স্থানান্তর করতে হবে;
- ৬। উক্ত বিধিমালার ১৫ ধারা যথাযথভাবে অনুসরণ পূর্বক শ্রেণিভিত্তিক পাঠদান করতে হবে। পাঠদানের জন্য বাংলাদেশের ইতিহাস, সংস্কৃতি, মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা-সার্বভৌমত্বের বিরোধী পাঠ্যপুস্তক নির্ধারণ করা যাবে না;
- ৭। বিধিমালার ১৯ ধারা অনুযায়ী টিউশন ফি, ভর্তি ফি, সেশন চার্জ ও অন্যান্য ফি সংক্রান্ত বিধি অনুসরণ করতে হবে। কোন অবস্থাতেই ভর্তির বিপরীতে বা পুনঃভর্তির নামে শিক্ষার্থীর কাছ থেকে বর্ধিত ফি বা অনুদান গ্রহণ করা যাবে না;
- ৮। বিধিমালার ২০(৩) ধারা অনুযায়ী সরকার অনুমোদিত অডিট ফর্ম দ্বারা বার্ষিক অডিট সম্পন্ন করে প্রতিবেদন দাখিল করতে হবে;
- ৯। বিদ্যালয়ের নামে সংরক্ষিত তহবিলে ন্যূনতম ৫,০০,০০০/- এবং সাধারণ তহবিলে ন্যূনতম ২,০০,০০০/- রাখতে হবে। যা কোনো অবস্থাতেই বোর্ডের পূর্বানুমতি ব্যতিরেকে উত্তোলন করা যাবে না;
- ১০। ফলাফল মানসম্মত হতে হবে। O-Level, A-Level স্তরের চূড়ান্ত ফলাফলের অনুলিপি জমা দিতে হবে;
- ১১। পরিষ্কার-পরিচ্ছন্ন পরিবেশ ও স্বাস্থ্যসম্মত টয়লেট সুবিধা নিশ্চিত করাসহ জাতিসংঘ শিশু অধিকার সনদ, ১৯৮৯ এর আলোকে শিশুদের অধিকার নিশ্চিত করার লক্ষ্যে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে;
- ১২। প্রতিষ্ঠানে প্রতিদিন যথানিয়মে জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সঙ্গীত পরিবেশন করতে হবে;
- ১৩। যথাযোগ্য মর্যাদায় বাংলাদেশের জাতীয় দিবস এবং সরকার কর্তৃক নির্দেশিত দিবসসমূহ পালন করতে হবে;
- ১৪। স্বতন্ত্র লাইব্রেরিতে ন্যূনতম ৪০০০টি বই এবং বিজ্ঞানাগারে পর্যাপ্ত সরঞ্জামাদি সংরক্ষণ করতে হবে;
- ১৫। শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনার জন্য জেলা প্রশাসক এর অনাপত্তিপত্র জমা দিতে হবে;
- ১৬। প্রতিষ্ঠানের জন্য বরাদ্দকৃত ভবনে এ প্রতিষ্ঠান ব্যতিত অন্য কোন কার্যক্রম বা অন্য কোন প্রতিষ্ঠান পরিচালনা করা যাবে না;
- ১৭। সাময়িক নিবন্ধনের মেয়াদ অতিক্রান্ত হওয়ার অনূ্যন ৬০ দিন পূর্বে নির্ধারিত ফি জমা পূর্বক নিবন্ধনের আবেদন করতে হবে;
- ১৮। শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ ০৫-০৬-২০১৭ তারিখে জারিকৃত বিধিমালার ২৩ উপবিধি অথবা ৬ উপ-বিধির অধীন রেজিস্ট্রেশন স্থগিতের ক্ষমতা সংরক্ষণ করে।

চেয়ারম্যানের অনুমোদনক্রমে

স্বাক্ষরিত

প্রফেসর ড. মোঃ মাসুদ রানা খান

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

☎ ০২-৫৮৬১০০৬৯

ই-মেইল: is@dhakaeducationboard.gov.bd

তারিখ: ০৯/০৯/২০২৬ খ্রি.

প্রাপক:

অধ্যক্ষ

স্কলার্স ইন্টারন্যাশনাল তাহফিজ অ্যাকাডেমি

বাড়ি নং- ৫, সড়ক নং- ৯, সেক্টর নং- ৪, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০

মেমো নং- ৬০৪(৭)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা;
- ৩। জেলা প্রশাসক, ঢাকা;
- ৪। কান্ট্রি ম্যানেজার, বাংলাদেশ ক্যামব্রিজ অ্যাসেসমেন্ট ইন্টারন্যাশনাল এডুকেশন, বাড়ি-৩১, রোড-৪, ব্লক-এফ, বনানী, ঢাকা-১২১৩;
- ৫। রিজিওনাল ডেভেলপমেন্ট ম্যানেজার
পিয়রসন এডভেল্প (বাংলাদেশ ও নেপাল), AUGMEDIX ভবন, সুট- ৫০২ (লেভেল-৫), ১৭/সি পাহুপথ, ঢাকা;
- ৬। প্রতিষ্ঠাতা/পরিচালক, স্কলার্স ইন্টারন্যাশনাল তাহফিজ অ্যাকাডেমি, বাড়ি- ৫, সড়ক- ৯, সেক্টর- ৪, উত্তরা মডেল টাউন, ঢাকা;
- ৭। পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা;
- ৮। অফিস কপি।

৭.৭.২৬

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

০৭.০৭.২০২৬